

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৯৩

তারিখ: ৬ চৈত্র ১৪২৮

২০ মার্চ ২০২২

বিষয়: দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।

১। আবহাওয়ার সতর্কবার্তা:

আবহাওয়ার বিশেষ বিজ্ঞপ্তিঃ ক্রমিক নম্বর: ০১ (এক), তারিখ: ২০.০৩.২০২২

দক্ষিণপূর্ব বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন দক্ষিণ আন্দামান সাগর এলাকায় অবস্থানরত লঘুচাপটি আরো ঘনীভূত হয়ে একই এলাকায় (৯.৮° উত্তর অক্ষাংশ এবং ৯২.৫° পূর্ব দ্রাঘিমাংশ) নিম্নচাপে পরিণত হয়েছে। এটি আজ (২০ মার্চ, ২০২২) সকাল ০৬ টায় চট্টগ্রাম সমুদ্র বন্দর থেকে ১৩৮০ কিঃমিঃ দক্ষিণে, কক্সবাজার সমুদ্রবন্দর থেকে ১২৯৫ কিঃমিঃ দক্ষিণে, মোংলা সমুদ্র বন্দর থেকে ১৪৪০ কিঃমিঃ দক্ষিণ-দক্ষিণপূর্বে এবং পায়রা সমুদ্র বন্দর থেকে ১৩৭৫ কিঃমিঃ দক্ষিণ-দক্ষিণপূর্বে অবস্থান করছিল। এটি আরো ঘনীভূত হয়ে উত্তর-উত্তরপূর্ব দিকে অগ্রসর হতে পারে।

চট্টগ্রাম, কক্সবাজার, মোংলা ও পায়রা সমুদ্র বন্দরসমূহকে ০১ (এক) নম্বর দূরবর্তী সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

উত্তর বঙ্গোপসাগরে অবস্থানরত মাছ ধরার নৌকা ও ট্রলারসমূহকে উপকূলের কাছাকাছি এসে সাবধানে চলাচল করতে বলা হয়েছে। সেই সাথে তাদেরকে গভীর সাগরে বিচরণ না করতে বলা হয়েছে।

২। আজ ২০ মার্চ ২০২২ খ্রিঃ তারিখ সকাল ৯ টা থেকে সন্ধ্যা ৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:

অভ্যন্তরীণ নদী বন্দরসমূহের জন্য কোন সতর্ক বার্তা নেই এবং কোন সংকেত দেখাতে হবে না।

৩। ২০ মার্চ ২০২২ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:

সিনপটিক অবস্থাঃ দক্ষিণপূর্ব বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন দক্ষিণ আন্দামান সাগর এলাকায় অবস্থানরত সুস্পষ্ট লঘুচাপটি আরো ঘনীভূত হয়ে একই এলাকায় আজ (২০ মার্চ ২০২২) সকাল ০৬ টায় (৯.৮° উত্তর অক্ষাংশ এবং ৯২.৫° পূর্ব দ্রাঘিমাংশ) নিম্নচাপে পরিণত হয়েছে। এটি আরো ঘনীভূত হয়ে উত্তর/উত্তরপূর্ব দিকে অগ্রসর হতে পারে।

পূর্বাভাসঃ সারাদেশে শুল্ক আবহাওয়া অব্যাহত থাকতে পারে।

তাপ প্রবাহঃ রাঙ্গামাটি, টাঁদপুর, ফেনী, সিলেট, দিনাজপুর, পঞ্চগড়, নীলফামারী ও পটুয়াখালী জেলাসহ রাজশাহী, ঢাকা ও খুলনা বিভাগের উপর দিয়ে মৃদু তাপ প্রবাহ বয়ে যাচ্ছে এবং তা অব্যাহত থাকতে পারে।

তাপমাত্রাঃ সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন): নিম্নচাপটি আরও ঘনীভূত হতে পারে।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	৩৬.৫	৩৫.০	৩৬.৫	৩৬.২	৩৮.৫	৩৬.৮	৩৭.০	৩৬.০
সর্বনিম্ন তাপমাত্রা	১৯.০	২১.০	২০.০	১৭.৩	২০.৭	২১.০	১৯.০	১৮.৬

গতকাল দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল রাজশাহী ৩৮.৫° সেঃ এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা শ্রীমঙ্গল ১৭.৩°সেঃ।

(সূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।)

৪। অগ্নিকান্ডের তথ্যঃ

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ১৮ মার্চ, ২০২২ খ্রিঃ তারিখ রাত ১২.০০ টা থেকে ১৯ মার্চ, ২০২২ খ্রিঃ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত সারাদেশে মোট ৩৮ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নরূপ:

ক্রঃ নং	বিভাগের নাম	অগ্নিকান্ডের সংখ্যা	আহতের সংখ্যা	নিহতের সংখ্যা
১।	ঢাকা	১৩	০	০
২।	ময়মনসিংহ	৫	০	০
৩।	বরিশাল	৩	০	০
৪।	সিলেট	১	০	০
৫।	রাজশাহী	৮	০	০
৬।	রংপুর	৪	০	০
৭।	চট্টগ্রাম	১	০	০
৮।	খুলনা	৩	০	০
	মোট	৩৮	০	০

৫ (ক)। কোভিড-১৯ ও অন্যান্য প্রাকৃতিক দুর্যোগকালীন মানবিক সহায়তার কার্যক্রমের বিবরণ:

ক্রঃ নং	ত্রাণ কার্যক্রমের নাম	বরাদ্দের পরিমাণ		
		চলতি অর্থ বছরে (০১/০৭/২০২১ খ্রিঃ থেকে ১৫/০৩/২০২২খ্রিঃ তারিখ পর্যন্ত)	বিগত (২৪/০৩/২০২০ খ্রিঃ থেকে ৩০/০৬/২০২১খ্রিঃ) পর্যন্ত	মোট বরাদ্দ (২৪/০৩/২০২০ খ্রিঃ থেকে অদ্য পর্যন্ত)
১	২	৩	৪	৫ (৩+৪)
১	৩৩৩ ফোন নম্বরে অনুরোধকারীদের খাদ্য সহায়তা প্রদানের নিমিত্ত বরাদ্দ অর্থ	১০০,০০,০০,০০০/- (একশত কোটি) টাকা	-	১০০,০০,০০,০০০/- (একশত কোটি) টাকা

২	ত্রাণ কার্য (নগদ অর্থ)	১০১,৬৫,৯১,০০০/- (একশত এক কোটি পয়ষট্টি লক্ষ একানব্বই হাজার) টাকা	১০১১,১৩,৩২,৫১১/- (এক হাজার এগার কোটি তের লক্ষ বত্রিশ হাজার পঁচাত্তর এগার) টাকা	১১১২,৮৯,২৩,৫১১/- (এক হাজার একশত বার কোটি উননব্বই লক্ষ তেইশ হাজার পঁচাত্তর এগারো) টাকা
৩	চাল	১,৭১,৮৫৮.০১ (এক লক্ষ একাত্তর হাজার আটশত আটান্ন দশমিক শূন্য এক) মে: টন	৪,৪৪,৫৪২ (চার লক্ষ চুয়াল্লিশ হাজার পঁচাত্তর বিয়াল্লিশ) মেঃ টন	৬,১৬,৪০০.০১ (ছয় লক্ষ ষোল হাজার চারশত দশমিক শূন্য এক) মে. টন
৪	শুকনা ও অন্যান্য খাবার [মিনিকেট চাল ১০ কেজি; দেশী মুসুর ডাল ০১ কেজি প্যাকেট; আয়োডিনযুক্ত লবণ ০১ (এক) কেজি প্যাকেট; চিনি ০১ (এক) কেজি প্যাকেট; চিড়া (এক কেজির প্যাকেট ২ টি) ০২ (দুই) কেজি; সয়াবিন তেল ০১ (এক) লিটারের বোতল; নুডুলস ৫০০ (পঁচাত্তর) গ্রাম]	৯০,৮৫১ (নব্বই হাজার আটশত একান্ন) প্যাকেট	৬,৮৭,৭০০ (ছয় লক্ষ সাতাশ হাজার সাত শত) প্যাকেট	৭,৭৮,৫৫১ (সাত লক্ষ আটাত্তর হাজার পঁচাত্তর একান্ন) প্যাকেট
৫	টেউটিন	২,৭১২ বাস্তিল	৩১,৮০০ বাস্তিল	৩৪,৫১২ বাস্তিল
৬	গৃহ নির্মাণ মঞ্জুরী	৮১,৩৬,০০০/- টাকা	৯,৫৪,০০,০০০/- টাকা	১০,৩৫,৩৬,০০০/- টাকা
৭	সংযুক্ত আরব আমিরাত সরকার থেকে প্রাপ্ত খাদ্য সামগ্রী	৭০০ কার্টুন	-	৭০০ কার্টুন

৫ (খ)। ৩৩৩ এর মাধ্যমে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে মানবিক সহায়তার বিবরণ (১৯/০৩/২০২২ তারিখ পর্যন্ত):

ত্রাণ কার্য (নগদ অর্থ) টাকা	সকল জেলা (পৌরসভাসহ)	সকল সিটি করপোরেশন	সর্বমোট
উপকারভোগী পরিবার সংখ্যা	৩,৩৫,৬৬৪ টি	১২,৩০৪ টি	৩,৪৭,৯৬৮ টি
উপকারভোগী লোক সংখ্যা	১৬,৬৫,৮২৬ জন	৫৯,৮৯৭ জন	১৭,২৫,৭২৩ জন

৬। দুর্যোগ ব্যবস্থাপনা স্থায়ী আদেশাবলী ২০১৯ সহ অন্যান্য বিধিবিধান অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে।



২০-৩-২০২২

কামরুন নাহার

ভারপ্রাপ্ত কর্মকর্তা

ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১

ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬

ইমেইল:

controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১

এনডিআরসিসি অনুবিভাগ

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৯৩/১(১৭১)

তারিখ: ৬ চৈত্র ১৪২৮

২০ মার্চ ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৩) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ৪) সিনিয়র সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৫) সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
- ৬) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৭) বিভাগীয় কমিশনার (সকল)
- ৮) পরিচালক (সকল) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৯) জেলা প্রশাসক (সকল)
- ১০) উপ-পরিচালক (সকল) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ১১) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ১২) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল)
- ১৩) সহকারী পরিচালক, যানবাহন শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর



২০-৩-২০২২

কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা